# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৪৪

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ হাদীসের অংশ “তিনি কপালের উপর মাসেহ করেছেন” এই বাক্য সুলাইমান আত তাইমী এককভাবে বর্ণনা করেছেন, এই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ هَذِهِ اللَّفْظَةَ (وَمَسَحَ نَاصِيَتَهُ) فِي هَذَا الْخَبَرِ تَفَرَّدَ بِهِ سُلَيْمَانُ التَّيْمِيُّ

---

আরবী

1344 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْأَعْلَى قَالَ: حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ قَالَ: سَمِعْتُ حُمَيْدًا قَالَ: حَدَّثَنِي بَكْرُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ حَمْزَةَ بْنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تخلَّف فتخلَّف مَعَهُ الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ فَلَمَّا قَضَى حَاجَتَهُ قَالَ: هَلْ مَعَكَ مَاءٌ؟ قُلْتُ: فَأَتَيْتُهُ بِالْمَطْهَرَةِ فَغَسَلَ كَفَّيْهِ وَوَجْهَهُ ثُمَّ ذَهَبَ لَيَحْسِرَ عَنْ ذِرَاعَيْهِ فضاقت به الجُبَّةُ فَأَخْرَجَ يَدَهُ مِنْ تَحْتِ الْجُبَّةِ فَأَلْقَاهَا عَلَى عَاتِقِهِ فَغَسَلَ ذِرَاعَيْهِ وَمَسَحَ عَلَى خُفَّيْهِ وَعِمَامَتِهِ ثُمَّ رَكِبَ وَرَكِبْتُ مَعَهُ فَانْتَهَى إِلَى النَّاسِ وَقَدْ صَلَّى بِهِمْ عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَوْفٍ رَكْعَةً فَلَمَّا أَحَسَّ بِجَيْئَةِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَهَبَ لِيَتَأَخَّرَ فَأَوْمَأَ إِلَيْهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ صَلِّ فَلَمَّا قَضَى عَبْدُ الرَّحْمَنِ الصَّلَاةَ قَامَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالْمُغِيرَةُ فَأَكْمَلَا مَا سبقهما)

الراوي : الْمُغِيرَةَ بْنِ شُعْبَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1344 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৩৪৪. মুগীরা বিন শু‘বাহ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার আমাদের থেকে পিছে পড়েন, তাঁর সাথে মুগীরা বিন শু‘বাহ রাদ্বিয়াল্লাহু আনহুও পিছে থাকেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর হাজত পূরণ করেন এবং বলেন, “তোমার কাছে পানি আছে কি?” আমি বললাম, “জ্বী,

হ্যাঁ।” অতঃপর আমি তাঁর কাছে পানির পাত্র নিয়ে আসি। তিনি তাঁর হাতের কব্জি ও মুখমন্ডল ধৌত করেন তারপর তিনি তাঁর হাতের কাপড় গুটিয়ে নিতে যান কিন্তু জুব্বাহ সংকীর্ণ হয় ফলে তিনি তাঁর হাত জুব্বার ভিতর দিয়ে বের করেন এবং জুব্বাটি তাঁর কাঁধের উপর রেখে দেন। অতঃপর তিনি দুই হাত ধৌত করেন এবং মোজা ও পাগড়ীর উপর মাসেহ করেন। তারপর তিনি বাহনে উঠেন, আমিও বাহনে উঠি এবং তিনি লোকদের কাছে আসেন এমন অবস্থায় যে লোকজন আব্দুর রহমান বিন আওফের ইমামতিতে এক রাকা‘আত সালাত আদায় করেছেন। যখন তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর আগমন বুঝতে পারেন, তখন তিনি পিছে আসতে উদ্যত হন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে ইশারা করে সালাত সম্পন্ন করতে বলেন। অতঃপর যখন আব্দুর রহমান বিন আওফ রাদ্বিয়াল্লাহু আনহু সালাত শেষ করেন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও মুগীরা বিন শু‘বাহ রাদ্বিয়াল্লাহু আনহু উঠে দাঁড়ান এবং ছুটে যাওয়া সালাত আদায় করেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৪৮; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আশরাফ: ৮/৪৭৬; নাসাঈ: ১/৭৬; আবূ আওয়ানা: ১/২৫৯; সুনান বাইহাকী: ১/৬০; সুনান তিরমিযী: ১/১৭০; ইবনু মাজাহ: ১৩২৬; সহীহ মুসলিম: ২৭৪; আবূ দাউদ: ১৫০।
আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ১৩৪৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু’বা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90658

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন